দৈনিক বাংলা

তারিখ ২৯।১।৮১
পৃষ্ঠা ৯ কলাম ৪

015

# দিনে জেলে রাতে ছাত্র

(নিজস্ব প্রতিনিধি)

খুলনা, ২৮শে জানুয়ারী।— নিরক্ষরতার বিরুদ্ধে অভিযান সুন্দরে দুবলার চরেও শুরু হয়েছে।

সুন্দর বনের দুবলাতে প্রতি বছরের মত এবারেও দেশের বিভিন্ন অঞ্চল থেকে জেলেরা মাছ ধরতে এসেছেন। এবারে দুবলায় এসেছেন দশ হাজার জেলে।

এই জেলেদের মধ্যে যারা নিরক্ষর তাদের অক্ষর জ্ঞান দেয়ার পরিকল্পনা নেয়া হয়েছে।

তারা সারাদিন মাছ ধরে যখন সাগর থেকে দুবলার চরে রাতে তাদের অস্থায়ী আবাসস্থলে ফিরে আসবেন, তখন তারা হবেন ছাত্র। তারা লেখা-পড়া শিখবেন আর বাঁচবেন নিরক্ষরতার গ্লানি থেকে।

প্রথম পর্যায়ে আনুষ্ঠানিকভাবে একশ জেলেকে নিয়ে রোজ রাতে ক্লাস বসছে। এই পরিকল্পনার উদ্বোধন করেছেন বন বিভাগের চীফ কনজারভেটর জনাব এ মালেক চৌধুরী। প্রাথমিকভাবে এই একশত জেলের মধ্যে বিনামূল্যে বই, স্লেট, পেন্সিল ইত্যাদি দেয়া হয়েছে। আস্তে আস্তে পরবর্তী পর্যায়ে অন্যান্য দল নেওয়া হবে। আর মার্চে যখন মাছ ধরার মওসুম শেষে তারা বাড়ী ফিরবেন তখন তাদের মনে থাকবে অনাবিল আনন্দ তারা আর নিরক্ষর থাকবে না। তাঁরা তখন লিখতে পড়তে পারবেন।